



গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
বাড়ি সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগরাগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৯১৩৫৭৪২, ৯১৪১৪৩৭
ফ্যাক্স : ৯১১৯২৩০, ৫৮১৫২০১৯
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ২৩ (তেইশ), তারিখ: ০৯.১১.২০১৯

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিবাড় ‘বুলবুল’ উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (20.3° উত্তর অক্ষাংশ এবং 87.8° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (০৯ নভেম্বর ২০১৯) সকাল ০৯ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪৯০ কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪৮০ কিঃ মিঃ পশ্চিম-দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৩১০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৩০৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তর/উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (০৯ নভেম্বর ২০১৯) সন্ধ্যা নাগদ পশ্চিমবঙ্গ-খুলনা উপকূল (সুন্দরবনের নিকট দিয়ে) অতিক্রম করতে পারে। অতি প্রবল ঘূর্ণিবাড় ‘বুলবুল’ এর অগ্রবর্তী অংশের প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় আজ (০৯ নভেম্বর ২০১৯) দুপুর থেকে দমকা/বাড়ো হাওয়া অব্যাহত থাকতে পারে।

অতি প্রবল ঘূর্ণিবাড় কেন্দ্রের ৭৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১৩০ কিঃ মিঃ যা দমকা অথবা বাড়ো হাওয়ার আকারে ১৫০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। অতি প্রবল ঘূর্ণিবাড় কেন্দ্রের নিকটে সাগর খুবই বিক্ষুল রয়েছে।

মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ১০ (দশ) নম্বর (পুনঃ) ১০ (দশ) নম্বর মহাবিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উপকূলীয় জেলা ভোলা, বরগুনা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ১০ (দশ) নম্বর মহাবিপদ সংকেতের আওতায় থাকবে।

চট্টগ্রাম সমুদ্র বন্দরকে ০৯ (নয়) নম্বর মহাবিপদ সংকেত (পুনঃ) ০৯ (নয়) নম্বর মহাবিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উপকূলীয় জেলা চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহে ০৯ (নয়) নম্বর মহাবিপদ সংকেতের আওতায় থাকবে।

কক্সবাজার সমুদ্র বন্দরকে ০৪ (চার) নম্বর (পুনঃ) ০৪ (চার) নম্বর স্থানীয় ছঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

ঘূর্ণিবাড় অতিক্রমকালে চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা জেলা সমূহ এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহে ভারী থেকে অতি ভারী বর্ষণ সহ ঘন্টায় ১০০-১২০ কিঃ মিঃ বেগে দমকা অথবা বাড়ো হাওয়া বয়ে যেতে পারে।

ঘূর্ণিবাড় ও মুন ফেজ (Moon Phase) এর প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, ভোলা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাধিক স্বাভাবিক জোয়ারের চেয়ে ৫-৭ ফুট অধিক উচ্চতার জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

(এ.কে.এম. রঞ্জল কুদুর)
আবহাওয়াবিদ, পরিচালকের পক্ষে
০৯, ১০৩০ বিএসটি